

বিশ্ব শিক্ষক দিবস: শিক্ষকতার মহিমা ও আমাদের দায়বদ্ধতা

শরিফুল রোমান

প্রকাশিত: ১২:২৮, ৪ অক্টোবর ২০২৫



ছবি: সংগৃহীত

৫ অক্টোবর ইউনেস্কো কর্তৃক ঘোষিত বিশ্ব শিক্ষক দিবস। শিক্ষকদের সম্মানার্থে দিনটি বিশ্বের বহু দেশে পালিত হয়। এই দিনে শিক্ষকরা তাঁদের অবদান ও কর্মক্ষেত্রে নিবেদন অনুযায়ী বিভিন্নভাবে সম্মাননা লাভ করেন।

বিশ্বের সকল শিক্ষক-শিক্ষিকাকে জানাই গভীর শ্রদ্ধা, সালাম ও শুভেচ্ছা। শিক্ষকতার সাথে আমার দুই দশকের পথচলায় আমি পেয়েছি অগণিত শিক্ষার্থীর ভালোবাসা, আন্তরিকতা ও অকৃত্রিম স্নেহ।

১৯৯৫ সাল থেকে প্রতিবছর ৫ অক্টোবর পালিত হচ্ছে বিশ্ব শিক্ষক দিবস। এডুকেশন ইন্টারন্যাশনাল (EI) ও তার সহযোগী সংগঠনগুলো এ দিন পালনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। শিক্ষকতা নিছক একটি পেশা নয়; বরং এটি সৃজনশীলতার মাধ্যমে ভবিষ্যৎ গড়ার কাজ।

শিক্ষক কাজ করেন রক্ত-মাংসের শিক্ষার্থীদের নিয়ে। যাদের হৃদয়ে লুকানো থাকে সম্ভাবনার আলো। সেই সম্ভাবনাকে জাগিয়ে তোলা, সংকট মোকাবিলার শক্তি দেওয়া এবং স্বপ্নকে বাস্তবে রূপ দেওয়ার পথ দেখানোই শিক্ষকের প্রধান দায়িত্ব। এখানেই শিক্ষকতার আসল মহিমা।

সমস্যা সব দেশেই আছে, আমাদেরও আছে। তবু শিক্ষার অগ্রযাত্রা থামিয়ে রাখা যাবে না। শিক্ষার্থীদের অধিকার যেন ক্ষুণ্ণ না হয়, সে দিকেও সর্বোচ্চ নজর রাখতে হবে। শিক্ষার্থীরা আমাদের সন্তানের মতো। তাদের পাশে থেকে প্রতিকূলতা জয় করার মানসিকতা গড়ে তুলতে হবে।

স্মরণীয় শিক্ষকরা ইতিহাসে স্থান করে নিয়েছেন তাঁদের ধৈর্য, সংগ্রাম ও আত্মত্যাগের জন্য। আমাদের প্রিয় নবী হজরত মুহাম্মদ (সা.) ছিলেন সর্বশ্রেষ্ঠ শিক্ষক। অবর্ণনীয় নির্যাতনের মুখেও তিনি আল্লাহর শিক্ষাদান থেকে পিছপা হননি। তাঁর শিক্ষা আজও বিশ্বমানবতার শান্তির দিশা।

অন্য পেশার কর্মকর্তারা পদবির কারণে সম্মান পেলেও একজন আদর্শ শিক্ষক তাঁর প্রজ্ঞা, নিবেদন ও ভালোবাসার কারণে আজীবন শ্রদ্ধার আসনে থাকেন। এমনকি মৃত্যুর পরেও। তবে সেই স্থানে পৌঁছাতে লাগে কঠোর পরিশ্রম, নিষ্ঠা ও আত্মত্যাগ।

শিক্ষকেরা অনেক বঞ্চনার মুখোমুখি হলেও তাঁরা যা পান, তা পৃথিবীর অন্য কোনো পেশাজীবী পান না। শিক্ষার্থী ও অভিভাবকের আন্তরিকতা, ভালোবাসা ও অটল সম্মান।

শিক্ষা জাতির মেরুদণ্ড, আর শিক্ষকরা হলেন সেই শিক্ষার মেরুদণ্ড। শিক্ষকদের সমস্যা থাকলে শিক্ষার মান রক্ষা করা সম্ভব নয়। তাই বৈষম্য দূর করে, শিক্ষাবান্ধব পরিবেশ গড়ে তুলে গুণগত শিক্ষা নিশ্চিত করতে হবে।